



৯ জুলাই ২০১৯

প্রেস রিলিজ

মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ এর আওতায় গঠিত সালিশী পরিষদকে কার্যকরী করতে হলে একটি পূর্নাঙ্গ বিধিমালা প্রয়োজন

সালিশী পরিষদকে কার্যকরী করতে পূর্নাঙ্গ বিধিমালা, আইনের যথাযথ বাস্তবায়ন এবং সালিসী পরিষদের সদস্যদের প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন বক্তারা। আজ ৯ জুলাই ২০১৯, ডেইলী স্টার ভবনে 'স্থানীয় বিচার ব্যবস্থায় সালিশী পরিষদ' এর ভূমিকা: বর্তমান অবস্থা ও করণীয় বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ ১৯৬১-এর আওতায় গঠিত সালিশী পরিষদের বর্তমান কার্য প্রক্রিয়া সম্পর্কে আলোচনার পাশাপাশি বিরোধ মিমাংসায় সক্রিয় ভূমিকা রাখতে সালিশী পরিষদের করণীয়, প্রতিবন্ধকতাসমূহ এবং তা উত্তরণে সুপারিশ উপস্থাপন করা হয়।

উল্লেখ্য যে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও মাদারীপুর লিগ্যাল এইড এসোসিয়েশন (এমএলএএ) মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ ১৯৬১-এর আওতায় গঠিত সালিশী পরিষদ' কে কার্যকরী করা এবং মুসলিম পারিবারিক বিরোধ মিমাংসায় সক্রিয় ভূমিকা রাখতে সালিশী পরিষদকে শক্তিশালী করার জন্য দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। সালিশী পরিষদের কার্যকারিতা বিষয়ে ব্লাস্ট এবং এমএলএএ যৌথভাবে একটি গবেষণাকর্ম পরিচালনা করেন। উক্ত গবেষণা প্রতিবেদনের একটি সার সংক্ষেপ উপস্থাপন করেন এডভোকেট তাজুল ইসলাম, উপদেষ্টা (এডভোকেসী ও ক্যাপাসিটি বিল্ডিং), ব্লাস্ট। গবেষণায় স্থানীয় সরকার ব্যবস্থায় সালিশী পরিষদের কার্যক্রমের দুর্বল দিকসমূহ উঠে আসে একইসাথে সালিশী পরিষদকে শক্তিশালীকরণে সুপারিশ তুলে ধরা হয়।

সভায় স্থানীয় সরকার মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ও সংসদে বিরোধী দলীয় চিফ হুইফ মোঃ মসিউর রহমান রাপ্তা এমপি আইনের সংশোধন, সমন্বিত উদ্যোগ এবং নিরপেক্ষ বিচার ব্যবস্থার উপর মত ব্যক্ত করেন। সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি ও ব্লাস্ট বোর্ড অব ট্রাস্টিজ সদস্য বিচারপতি এ এফ এম আব্দুর রহমান আইন প্রয়োগের প্রয়োজনীয়তা, পূর্নাঙ্গ বিধি প্রনয়ণের উপর জোর দেন। সুপ্রীম কোর্টের আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি ও ব্লাস্টের মুখ্য আইন উপদেষ্টা বিচারপতি মোঃ নিজামুল হক তালকের পাশাপাশি দেনমোহরের টাকা প্রাপ্তি, স্ত্রীর পাশাপাশি সন্তান ও পিতামাতার খরপোষের বিষয়টি সালিশী পরিষদের এখতিয়ারভুক্ত করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

মাদারীপুর লিগ্যাল এইড এসোসিয়েশনের প্রধান সমন্বয়কারী খান মোঃ শহীদ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। উক্ত সভায় আইন কমিশনের মুখ্য গবেষণা কর্মকর্তা (জেলা জজ) ফউজুল আজিম বলেন, সালিশী পরিষদকে কার্যকরী করতে এর আঙ্গিকগত পরিবর্তন প্রয়োজন, এর পাশাপাশি সালিশী পরিষদের কার্যক্রমের সাথে পারিবারিক আদালত এবং লিগ্যাল এইড অফিসারকে সম্পৃক্ত করা যায় কিনা তা বিবেচনা করার সুপারিশ করেন। এছাড়া সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্য মোসাঃ তাহমিনা বেগম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আইন কর্মকর্তা খন্দকার মোঃ নাজমুল হুদা শামীম, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (আইন-১) মোঃ আকবর হোসেন, মাদারীপুর ও গোপালগঞ্জের মেয়র, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বার, পৌরসভার মেয়র ও কমিশনারগণ তাদের মত ব্যক্ত করেন।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশন স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

E-mail: asma@blast.org.bd

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশনস), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

E-mail: mahbuba@blast.org.bd